ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



জন্মদিনে মায়ের নাচের ভিডিও শেয়ার করে যা বললেন সালমান

পৃঃ ৫



ডব্লিউটিএ'র বর্ষসেরা খেলোয়াড় বেলারুশের সাবালেঙ্কা

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩৩৮ ● কলকাতা ● ৩০ অগ্রহায়ণ, ১৪৩১ ● সোমবার ● ১৬ ডিসেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# কাঁথি সমবায় নির্বাচনে জয়জয়কার তৃণমূলের, কেন্দ্রীয় বাহিনী এনেও শুভেন্দু গড়ে ধরাশায়ী বিজেপি





**কাঁথি**

কাঁথি সমবায় নির্বাচনে সবুজ ঝড়। শুভেন্দুর গড়ে রীতিমতো ধরাশায়ী বিজেপি। কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তায় ভোটগ্রহণ সত্ত্বেও ১০টি আসনও জিততে পারলেন না পদ্ম সমর্থিত প্রার্থীরা।১০৮টি আসনের মধ্যে ১০১টিতেই জয়ী তৃণমূল সমর্থিত প্রার্থীরা। ফলাফল স্পষ্ট হতেই অকাল হোলিতে মাতলেন ঘাসফুল শিবিরের নেতা-কর্মীরা।উল্লেখ্য, পূর্ব ভারতের অন্যতম বড় সমবায় ব্যাঙ্ক হল কাঁথি। এই ব্যাঙ্কের পরিচালন কমিটি হাতে রাখা নিয়ে দীর্ঘদিন ধরেই তৃণমূল ও বিজেপির মধ্যে টানাপোড়েন চলছে। মাঝে তিনবছর নির্বাচন হয়নি। ব্যাঙ্কে পরিচালন কমিটি গঠনের জন্য ভোটের দাবিতে পরবর্তীতে কলকাতা হাই কোর্টে মামলা হয়। উচ্চ আদালত ভোট করার জন্য নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেয়। এর পরই শুভেন্দু ঘনিষ্ঠ এগরার প্রাক্তন পুরপ্রধান শংকর বেরা সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন। অশান্তির আশঙ্কা প্রকাশ করেন তিনি। ওয়াকিবহল মহলের দাবি, কাঁথি সমবায় ব্যাঙ্ক হাতছাড়া হাওয়ার আশঙ্কাতেই সুপ্রিম কোর্টে যাওয়ার সিদ্ধান্ত নেন তাঁরা। পরবর্তীতে সুষ্ঠু ও অবাধ নির্বাচনের জন্য কেন্দ্রীয় বাহিনীর উপস্থিতিতে ভোট করানোর নির্দেশ দেয় শীর্ষ আদালত। সেই মতোই ১৫ ডিসেম্বর, রবিবার কাঁথি সমবায় ব্যাঙ্কে ১০৮টি আসনের প্রতিনিধি নির্বাচনে হল ভোটাভুটি। কিন্তু কৌশল করেও ওই সমবায় সমিতি দখলে রাখতে পারল বা বিজেপি। শুভেন্দুর গড়ে রীতিমতো সবুজ ঝড়। উল্লেখ্য, কাঁথি সমবায় ব্যাঙ্কের নির্বাচনে মোট আসন সংখ্যা ১০৮টি। যেখানে তৃণমূল, বিজেপি ও অন্য রাজনৈতিক দলের সমর্থনে মোট ৩৮১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। মোট ভোটার ৮০ হাজার ৪৮০ জন।এতদিন কাঁথি সমবায় ব্যাঙ্কের ক্ষমতায় ছিলেন শুভেন্দু অনুগামীরাই। তাঁদের হাত থেকে এবার ক্ষমতা কেড়ে নেওয়াই লক্ষ্য ছিল তৃণমূলের। সেভাবেই সাজানো হয়েছিল ঘুঁটি। গত মঙ্গলবার কোলাঘাটে পূর্ব মেদিনীপুরের তৃণমূল কংগ্রেসের দুই সাংগঠনিক জেলার নেতাদের নিয়ে বৈঠকও হয়। সেখানে একাধিক রণকৌশল ঠিক করা হয়। রবিবার সকালে নির্ধারিত সময়ে কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তায় শুরু হয় ভোটগ্রহণ। বিক্ষিপ্ত অশান্তির ঘটনাও প্রকাশ্যে আসে। কিন্তু ভোটের ফলাফল প্রকাশ্যে আসতেই দেখা গেল, শুভেন্দুর গড়েই কার্যত নিশ্চিহ্ন পদ্মশিবির। ১০৮টি আসনের মধ্যে মাত্র ৭টি আসনে জিতেছেন বিজেপি সমর্থিত প্রার্থীরা। বাকি ১০১টি আসনেই জিতেছেন তৃণমূল সমর্থিত প্রার্থীরা। অর্থাৎ কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তায় ভোট হওয়া সত্ত্বেও কাঁথি সমবায় সমিতি নিজের দখলে রাখতে পারলেন না শুভেন্দু। এই জয় দল অর্থাৎ তৃণমূলে অখিল গিরির গুরুত্ব আরও বাড়াবে বলেই মনে করছে ওয়াকিবহল মহল।

## 'আমরা সরে যাব', নির্বাচনে ক্ষমতা হস্তান্তর নিয়ে এ কী বললেন ইউনুসের উপদেষ্টা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এ যেন 'ভূতের মুখে রামনাম', থুড়ি, ইউনুস সরকারের উপদেষ্টার মুখে পদ ছাড়ার কথা! শুনে অবাক লাগলেও এটাই খাঁটি সত্যি। এই মুহূর্তে বাংলাদেশের ইউনুস সরকারের বিদেশ মন্ত্রণালয়ের উপদেষ্টা তৌহিদ হোসেন শোনালেন নির্বাচনের কথা। জানালেন, নির্বাচনের মধ্যে দিয়ে রাজনীতিবিদদের হাতে ক্ষমতা সঁপে দিয়ে তাঁরা সরে যাবেন।বাংলাদেশের সাম্প্রতিক হিংসা পরিস্থিতি, হিন্দু নির্যাতন নিয়ে ঘরে-বাইরে চাপ, ভারতের সঙ্গে বিদেশসচিব পর্যায়ের বৈঠক পরবর্তী আবহ্ সব কিছু নিয়েই এদিন খোলাখুলি নিজের বক্তব্য রেখেছেন বিদেশ মন্ত্রণালয়ের উপদেষ্টা। সোমবার ঢাকায় ভারতের বিদেশ সচিব বিক্রম মিসরির সঙ্গে একান্তভাবে কথাও বলেছিলেন তৌহিদ হোসেন। তা নিয়ে বিশেষ কোনও মন্তব্য করতে না চাইলেও শনিবার আলোচনা সভায় তিনি বলেন, "আমরা সব দেশের সঙ্গে সুসম্পর্ক চাই সম্মানের ভিত্তিতে, সমতার ভিত্তিতে। সেই লক্ষ্যেই এই সরকার কাজ করে যাচ্ছে। ভারতকে আমরা স্পষ্ট বার্তা দিয়েছি, আমরা ভালো সম্পর্ক চাই, তবে সেটা দুপক্ষেরই স্বার্থের ভিত্তিতে।" এই পরিস্থিতিতে তাঁর মুখে নির্বাচন, ক্ষমতা হস্তান্তর, সরে যাওয়ার মতো শব্দ আলোচনার রসদ দিল অভিজ্ঞ মহলকে। ঠিক কীসের বার্তা, প্রশ্ন তাদের।আর তাঁর এহেন মন্তব্য নিয়ে ইতিমধ্যে সমালোচনা শুরু হয়েছে। তৌহিদের কথার ইঙ্গিত ঠিক কী? তা নিয়ে চলছে কাটাছেঁড়া।

শনিবার দুপুরে নরসিংদীতে বেলাব উপজেলার সরকারি দপ্তরের প্রধান, মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতা, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছিল। সেই সভায় তৌহিদ হোসেন বলছেন, "নির্বাচনের মাধ্যমে রাজনীতিবিদের হাতে ক্ষমতা দিয়ে আমরা সরে যাব। সরকারের লক্ষ্য হচ্ছে, চূড়ান্তভাবে একটি নিরপেক্ষ এবং সঠিক নির্বাচনের মাধ্যমে ক্ষমতা হস্তান্তর। এটা নিয়ে সন্দেহের কোনও সুযোগ নেই। আমাদের প্রথম কাজ হচ্ছে, দেশে স্থিতিশীলতা ফিরিয়ে আনা।"

## ফিরাদের মুখে হুজুর হাকিমের' মৌলবাদী মন্তব্যে পাল্টা জবাব বিধায়ক হুমায়ূনের

**বেবি চক্রবর্ত্তী :কলকাতা**

এ যেন 'ভূতের মুখে রামনাম', থুড়ি, ইউনুস সরকারের উপদেষ্টার মুখে পদ ছাড়ার কথা! শুনে অবাক লাগলেও এটাই খাঁটি সত্যি। এই মুহূর্তে বাংলাদেশের ইউনুস সরকারের বিদেশ মন্ত্রণালয়ের উপদেষ্টা তৌহিদ হোসেন শোনালেন নির্বাচনের

এরপর ৩ পাতায়

## রেলে বিনা টিকিকে যাত্রা বন্ধ করতে বিরাট পদক্ষেপ রেলের - হাতেনাতে ফল



**বেবি চক্রবর্ত্তী : শিয়ালদহ**

বহুদিন ধরেই রেল ক্রমাগত প্রচার করে চলেছে যে বিনা টিকিটে কেউ ভ্রমণ করবেন না। বিনা টিকিটে ভ্রমণ শাস্তিযোগ্য অপরাধ। কিন্তু তার পরেও বনগাঁ শাখার একাধিক স্টেশনে টিকিট বিক্রির হার কমে যাচ্ছিলো। তখনই রেল বিনা টিকিটে যাত্রীদের ধরতে একটা বড়ো পদক্ষেপ নেয়। শিয়ালদহ ডিভিশনের পিসিসিএম-এর নেতৃত্বে বিশেষ দল 'জাগৃতি' নামে বিশেষ ট্রেনে চেপে সম্প্রতি শিয়ালদহ-বনগাঁ শাখার দমদম ক্যান্টনমেন্ট থেকে বারাসাত স্টেশন পর্যন্ত বিশেষ টিকিট চেকিং অভিযান চালায়। যেখানে আপ ও ডাউন লাইনের সব লোকাল ট্রেনে চেকিং হয়। সকাল সাড়ে নটা থেকে বেলা ১২তা পর্যন্ত শুরু হয় এই অভিযান। টিকিট পরীক্ষকরা মোট ৮৭৮ জনকে জরিমানা করেন। যার মধ্যে ৭২৮ জনকে বিনা টিকিটে যাওয়ার অভিযোগে ধরা হয়। সব মিলিয়ে এই বিশেষ অভিযানে রেলের মোট আয় হয়েছে ২ লক্ষ ১৭ হাজার ৭৮০ টাকা। রেল সূত্রে খবর, এই বিশেষ অভিযানের খবর ছড়িয়ে পড়তেই শিয়ালদহ-বনগাঁ শাখায় বিভিন্ন

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি। এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্‌-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)

(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# 'CBI এর উপর আর ভরসা নেই' - টলি পাড়ার একাংশ

কলকাতা :- বামেরা অবশ্য অনেক আগের থেকেই বলে আসছেন -'দিদি ও মোদী সেটিং'। এবার তাই বললেন কংগ্রেসও। আসল কথা অনেক তথ্য সামনে আসার পরেও CBI কোন কারণে হাত গুটিয়ে নিলো? ইতিমধ্যেই আরজি কর খুন এবং ধর্ষণ মামলায় জামিন পেয়ে গেলেন টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলও" এ দিন শিয়ালদহ আদালত থেকে জামিন পেয়ে যান অভিজিৎ। একই সঙ্গে জামিন পেয়ে গিয়েছেন আরজি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষও। গ্রেফতারির ৯০ দিন পরেও সিবিআই দু জনের বিরুদ্ধে চার্জশিট জমা না দেওয়ার কারণেই অভিজিৎ মণ্ডল এবং সন্দীপ ঘোষকে জামিন দেন বিচারক। খুব স্বাভাবিক কারণেই প্রবল ক্ষুব্ধ সাধার মানুষ। তারা মোটেই মনে করছেন না যে CBI চার্জশিট দিতে পারে নি, বরং তাদের মনে হয়েছে CBI চার্জশিট দেয়নি। সেই সুর ধরা পড়েছে টলি পড়ার অনেকের কণ্ঠেই। বড় থেকে ছোটপর্দা সমস্ত তারকারা একজোট হয়ে প্রতিবাদে সামিল হয়েছিল। কিন্তু এখন পর্যন্ত দোষীরা ধরা পড়ল না।




টলিউড অভিনেত্রী চৈতি ঘোষাল ক্ষোভ উগরে দিয়ে বলেছেন, সিবিআই এর উপর আস্থা নেই। হতাশ করেছে সিবিআই। রাজ্য পুলিশ যতটুকু তদন্ত করেছিল সিবিআই তার চেয়ে বেশি তিন মাসে কিছু করতে পারেনি। সুতরাং এখন মুখ্যমন্ত্রীর ওপরই ভরসা রাখছেন চৈতি ঘোষাল। অভিনেত্রী মানসী সিনহা বলেছেন, সিবিআই নির্যাতিতার বাবা-মায়ের জায়গায় নিজেকে রেখে দেখুক আর কত দিনের অপেক্ষা। যার মেয়ে খুন হল কি কারণে খুন হল সেটা এতদিনে জানতে পারল না। তিন মাসের উপর কোনও চার্জশিট হলো না। কার ওপর আমরা সাধারণ মানুষ ভরসা রাখব। অভিনেত্রী দেবলীনা দত্ত বলেছেন, সিবিআই-এর অবস্থান সমস্ত আশা ভরসাকে চুরমার করে দিয়েছে। ৯০ দিনে কোন চার্জশিট জমা পড়েনি। সন্দীপ ঘোষ জামিন পাচ্ছে। সিবিআই-এর কাছে প্রশ্ন আমার নাগরিক হিসেবে যে আপনারা কি করলেন? রাজ্য পুলিশের ওপর আমার আগেও ভরসা ছিল। সমাজ মাধ্যমে একটা খবর খুব প্রচার হচ্ছে যে ঈইও কে চার্জশিট জমা দিতে দেওয়া হয় নি। হাতভাগ্য আমরা।

# ভারত থেকে ৪৬৮ টন আলু পৌঁছালো বাংলাদেশে



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

ভারত বাংলাদেশের প্রতি সহযোগিতার হাত বাড়িতে দিয়েছে। একেবারে অগ্নিমূল্য বাংলাদেশের বাজার দর। এই অবস্থায় ফের একবার বাংলাদেশের দিকে সাহায্যের হাত বাড়ল ভারত। পরিস্থিতি নিয়ন্ত্রণে ৪৬৮ মেট্রিক টন আলু রফতানি করা হল সে দেশে। যা খবর, ট্রেনে করে বিপুল পরিমান আলু সে দেশে পাঠানো হয়েছে। অন্যদিকে বাংলাদেশের সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, যশোরের বেনাপোল স্থলবন্দর রেলস্টেশনে বএকটি মালবাহী ট্রেন পৌছয়। শনিবার থেকে এই পণ্য খালাস করার কাজ বাংলাদেশের সংশ্লিষ্ট বিভাগ শুরু করবে বলে সে দেশের জনপ্রিয় সংবাদমাধ্যম 'বাংলা ট্রিবিউনে'র খবরে দাবি করা হয়েছে। বাংলাদেশে জিনিসের দাম বেড়েই চলেছে। আর তার থেকে দৃষ্টি ঘোরাতে ওই দেশের উগ্র মৌলবাদীরা ভারত বিরোধিতার জিগির তুলে রেখেছে।

পেট সবার আগে। বাংলাদেশের দরিদ্র মানুষের পেটে টান পড়েছে। ক্ষোভ বাড়ছে চারিদিকে। ভারতের এই আলু পৌঁছানোতে কিছুটা স্বস্তিতে বাংলাদেশ। বেনাপোল স্টেশন মাস্টার সাইদুজ্জামান এই প্রসঙ্গে জানিয়েছেন, রাজশাহীর চাঁপাইনবাবগঞ্জের টাটা ট্রেডার্স নামে এক আমদানিকারক সংস্থা বিপুল এই আলু আমদানি করেছে। আর তা করা হয়েছে বাংলার মালদহ থেকে। প্রকাশিত খবর অনুযায়ী, একটি ট্রেনে ৯ হাজার ৪৬০ ব্যাগ আলু আমদানি হয়েছে। যার ওজন ৪ লাখ ৬৮ হাজার কেজি। পণ্য চালানটির আমদানি মূল্য ১০ লাখ ৭ হাজার ৬৪০ মার্কিন ডলার।

# রুক্মিণীকে নিয়ে এবার মুখ খুললেন স্বয়ং দেব



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

দেব ও রুক্মিণীর সম্পর্ক নিয়ে ইতিমধ্যে টলিপাড়ায় প্রচুর জল্পনা হয়েছে। এখনো হয়ে চলেছে। একাধিক কারণে বলা হচ্ছে - ওদের ব্রেকাপ হয়ে গেছে। আর বিনোদন জগতে সম্পর্ক তৈরী হওয়া থেকেও সম্পর্ক ভাঙার খবর দ্রুত ছাড়ায়। ২০শে ডিসেম্বর মুক্তি পাচ্ছে দেব অভিনীত খাদান। সেই বহুচর্চিত ছবি মুক্তির আগে টলিপাড়ায় আমচকাই শুরু ফিসফিসানি। দূরত্ব তৈরি হয়েছে দেব-রুক্মিণীর। নেপথ্যের কারণ? ইনস্টাগ্রামে দেবকে আনফলো করেছেন রুক্মিণী। যদিও কলকাতা আন্তর্জাতিক চলচিচত্র উৎসবের মঞ্চে দুজনকে দেখে একবারের জন্যও মনে হয়নি সুখী নেই তাঁরা। দিদ্বি মমতা বন্দ্যোপাধ্যায়ের সৌজন্যে উত্তরীয় বদলটাও কিফের উদ্বোধনী মঞ্চে সেরে ফেলেন দুজনে। টলিপাড়ায় এমন কথাও চাউর হয়েছে, খাদানের প্রচারের জন্যই নাকি রুক্মিণীর সঙ্গে ব্রেকআপের 'নাটক' করছেন দেব। এইসব বিতর্কে জল ঢেলে কড়া জবাব দিলেন নায়ক। এবার সেই ফিসফিসনির জবাব দিলেন দেব। এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'রুক্মিণী আমাকে ইনস্টাগ্রামে ফলো করছে কি ফলো করছে না সেটা নিয়ে আমি দশজনকে কী উত্তর দেব। আমার সঙ্গে রুক্মিণীর সম্পর্কটা কী সেটা তো আমি কাউকে বলে বোঝাতে পারব না। রুক্মিণীর সঙ্গে আমার সম্পর্কটা সময়ের সঙ্গে সঙ্গে আরও সমৃদ্ধ হয়েছে, আরও মজবুত হয়েছে'। নিন্দুকদের একহাত নিয়ে দেব বলেন, 'কে কী বলল, কে কী লিখল, তাতে কিছু যায় আসে না। আমরা আমাদের ব্যক্তিগত জায়গায় খুব ভালো আছি, সুস্থ আছি। যেটা খুব দরকার। আমরা পরস্পরের কাজ নিয়েও খুব খুশি।' দেব জানান, খাদান শুরু আগে মহামুশকিলে পড়েছিলেন তিনি। শ্যুটিং শুরুর আগে সরে দাঁড়ান এক ফিনান্সার। সেইসময়ই দেবকে আগলে ছিলেন রুক্মিণী। তাই রুক্মিনী দেবের 'শক্তি'। রুক্মিণী বলেন, দেবকে খাদান করতে উৎসাহিত করেন প্রেমিকা। এখন দেখার, ওদের সম্পর্ক নিয়ে ভবিষ্যত কোন দিকে যায়।

# দিল্লীতে রাষ্ট্রীয় মানব অধিকার সম্মান ও অনারারী ডক্টরেট অ্যাওয়ার্ড সম্মানিত , এবং দিল্লীতে নিঃস্বার্থ পরিবেশ সচেতনতা ও বায়ু দূষণ সচেতনে স্বপন দত্ত বাউল




**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন, দিল্লী**

রাজ্যের এপ্রান্ত থেকে অপরপ্রান্তে ও দেশের রাজধানীতে বার বার সম্মানিত হয়ে পুরস্কার পেয়ে বাংলা মায়ের সম্মান রেখে চলেছেন জনপ্রিয় বাউল শিল্পী। জাতীয় হিউম্যান রাইটস দিবসে দিল্লীর অনুষ্ঠানে ডাক পেলেন খাজা আনোয়ার বেড়,পূর্ব বর্ধমান ,পশ্চিম বাংলার রাষ্ট্রপতির প্রসংশিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী স্বপন দত্ত বাউল। দিল্লীর অনুষ্ঠানে স্বপন বাউল হিন্দী ও বাংলায় নিজের লেখা সুরে ও প্রচলিত বাউল গানে আগত দুর দূরান্ত থেকে আসা প্রতিনিধি , গুণীজনদের, বিশিষ্ট ব্যক্তিত্ব বর্গদের মন জয় করলেন। নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে স্বপন বাউল দিল্লীর রেল স্টেশনে দিল্লীতে বায়ু দূষণ নিয়ে হিন্দীতে গানে গানে দিল্লীবাসীকে সচেতন করেন বায়ু দূষণ থেকে জনগণকে রক্ষা করতে। পাশাপাশি কেন্দ্র সরকার দিল্লীর সরকারকে বায়ু দূষণ নিয়ে সচেতন করেন। সুদূর বর্ধমান থেকে ছুটে এসে রাজধানী দিল্লিতে এমন মহতী উদ্যোগ নিঃস্বার্থ ভাবে পরিবেশ সচেতনতা ও বায়ু দূষণ নিয়ে সচেতন করতে দেখে সকলেই বাংলার বাউলের প্রশংসা করেন। হিউম্যান রাইটস দিবসে মঞ্চের অনুষ্ঠানে দেশে বিদেশে নিঃস্বার্থ সমাজ সচেতন, সমাজের কুসংস্কার কুপ্রথা দূরীকরণ , দেশে বিদেশে শান্তি সম্প্রীতি রক্ষায় বাউল গানের বার্তায় ও সমাজ সেবায় জনকল্যাণে গুরুত্বপুর্ন অবদানের জন্য রাষ্ট্রীয় মানব অধিকার সম্মান ও অনারারী ডক্টরেট অ্যাওয়ার্ড ২০২৪ সম্মানে সম্মানিত করা হয়।

এরপর ৩ পাতায়

# লোকসভায় বাংলায় ভাষণ অভিজিতের



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**


ভারত বাংলাদেশের প্রতি সহযোগিতার হাত বাড়িতে দিয়েছে। একেবারে অগ্নিমূল্য বাংলাদেশের বাজার দর। এই অবস্থায় ফের একবার বাংলাদেশের দিকে সাহায্যের হাত বাড়ল ভারত। পরিস্থিতি থেকে দৃষ্টি ঘোরাতে ওই দেশের উগ্র মৌলবাদীরা ভারত বিরোধিতার জিগির তুলে রেখেছে।

পেট সবার আগে। বাংলাদেশের দরিদ্র মানুষের পেটে টান পড়েছে। ক্ষোভ বাড়ছে চারিদিকে। ভারতের এই আলু পৌঁছানোতে কিছুটা স্বস্তিতে বাংলাদেশ। বেনাপোল স্টেশন মাস্টার সাইদুজ্জামান এই প্রসঙ্গে জানিয়েছেন, রাজশাহীর চাঁপাইনবাবগঞ্জের

এরপর ৩ পাতায়

# হিন্দুদের নিয়ে নেব, এরপর বাংলাদেশের কী হবে? বিজেপি নেতার হুংকার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




বাংলাদেশ নিয়ে বিস্ফোরক মন্তব্য করেছেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। শনিবার (১৪ ডিসেম্বর) জলপাইগুড়িতে এক সদস্য অভিযান অনুষ্ঠানে তিনি বলেন, বাংলাদেশকে সিরিয়া বানানোর চক্রান্ত চলছে। চট্টগ্রাম বন্দর খুলে দেয়া হয়েছে এবং পাকিস্তান থেকে অস্ত্র আসছে জাহাজে করে। যে কটা হিন্দু আছে, আমরা তাদের নিবো। কিন্তু বাংলাদেশে কী হবে, তা নিয়ে তাদের কোনো চিন্তা নেই। তিনি আরো বলেন, বাংলাদেশে জঙ্গি কার্যকলাপের ষড়যন্ত্র সামনে এসেছে। এক নেতা বলছেন যে চট্টগ্রাম বন্দর দিয়ে পাকিস্তান থেকে অস্ত্র আসছে। এর মানে কী? পাকিস্তান থেকে অস্ত্র আনা হচ্ছে, যা ভারতকে আক্রমণ করার ষড়যন্ত্র হতে পারে। তিনি বলেন, এটা ভারতের জন্য বড় ধরনের উদ্বেগের বিষয়। কারণ এর পেছনে পাকিস্তানের মদত থাকতে পারে। যদি যুদ্ধ হয়, পাকিস্তান ভারতকে আক্রমণ করতে পারে। এরপরেই দিলীপ ঘোষ বাংলাদেশকে নিয়ে আরো মন্তব্য করেন, বাংলাদেশ কি কখনো যুদ্ধ করেছে? তারা চুরি করে ভারতে ঢুকে খায়। এমনকি তাদের দেশে কোনো সরকারও নেই। সেখানে কিছু মাথা খারাপ লোক মিডিয়ার জন্য নেতা হয়ে গেছে। চিকিৎসার জন্য কলকাতায় আসে, আর সেখানে হাসপাতাল নেই। ভারতীয় সেনা না গেলে তাদের অবস্থা আরো খারাপ হতো। বিজেপি নেতা বলেন, বিশ্বব্যাপী ইসলামিক মৌলবাদের শিকার হচ্ছে অন্য ধর্মের মানুষ। আফগানিস্তান, সিরিয়া, পাকিস্তানএগুলোই তার উদাহরণ। এই উগ্রপন্থা বন্ধ হওয়া উচিত। মুসলিম দেশগুলোতে রাহাজানি আর সহিংসতা বেড়ে গেছে। সবচেয়ে বেশি উদ্বাস্তু মুসলিম সম্প্রদায় এবং এসব দেশ ধ্বংস হয়ে যাচ্ছে। তিনি আরো বলেন, ভারতের শক্তি আছে। আমরা বাংলাদেশকে সহজেই দমন করতে পারি। পাকিস্তানের ৯০ হাজার সেনাকে বন্দি করে এনেছি, তাহলে বাংলাদেশ আমাদের কাছে কোনো বড় ব্যাপার নয়। সিংহের সঙ্গে কুকুরের লড়াই হয় না। আওয়াজ করলেই যথেষ্ট।






১-ম পাতার পর

# রেলে বিনা টিকিকে যাত্রা বন্ধ করতে বিরাট পদক্ষেপ রেলের - হাতেনাতে ফল

স্টেশন মিলিয়ে টিকিট বিক্রি প্রায় তিন থেকে চার লক্ষ টাকা বেশি হয়েছে বলেও জানা যাচ্ছে রেলের তরফে। রেলের সিনিয়র ডিসিএম পবন কুমার বলেন, 'আগামী দিনে হল্ট স্টেশন-সহ বনগাঁ, হাসনাবাদ এবং শিয়ালদহ দক্ষিণ শাখাতেও চালানো হবে এই বিশেষ টিকিট চেকিং অভিযান।' রেলের পক্ষ থেকে জানানো হয় শুধুই অতিরিক্ত আয় নয়, মানুষকে সচেতন করতেই তাদের এই বিশেষ অভিযান।

১-ম পাতার পর

# ফিরাদের মুখে হুজুর হাকিমের' মৌলবাদী মন্তব্যে পাল্টা জবাব বিধায়ক হুমায়ূনের



নিয়ে ইতিমধ্যে সমালোচনা শুরু হয়েছে। তৌহিদের কথার ইঙ্গিত ঠিক কী? তা নিয়ে চলছে কাটাছেঁড়া।

শনিবার দুপুরে নরসিংদীতে বেলাব উপজেলার সরকারি দপ্তরের প্রধান, মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতা, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছিল। সেই সভায় তৌহিদ হোসেন বলছেন, "নির্বাচনের মাধ্যমে রাজনীতিবিদের হাতে ক্ষমতা দিয়ে আমরা সরে যাব। সরকারের লক্ষ্য হচ্ছে, চূড়ান্তভাবে একটি নিরপেক্ষ এবং সঠিক নির্বাচনের মাধ্যমে ক্ষমতা হস্তান্তর। এটা নিয়ে সন্দেহের কোনও সুযোগ নেই। আমাদের প্রথম কাজ হচ্ছে, দেশে স্থিতিশীলতা ফিরিয়ে আনা।"

কথা। জানালেন, নির্বাচনের মধ্যে দিয়ে রাজনীতিবিদদের হাতে ক্ষমতা সঁপে দিয়ে তাঁরা সরে যাবেন।বাংলাদেশের সাম্প্রতিক হিংসা পরিস্থিতি, হিন্দু নির্যাতন নিয়ে ঘরে-বাইরে চাপ, ভারতের সঙ্গে বিদেশসচিব পর্যায়ের বৈঠক পরবর্তী আবহু সব কিছু নিয়েই এদিন খোলাখুলি নিজের বক্তব্য রেখেছেন বিদেশ মন্ত্রণালয়ের উপদেষ্টা। সোমবার ঢাকায় ভারতের বিদেশ সচিব বিক্রম মিসরির সঙ্গে একান্তভাবে কথাও বলেছিলেন তৌহিদ হোসেন। তা নিয়ে বিশেষ কোনও মন্তব্য করতে না চাইলেও শনিবার আলোচনা সভায় তিনি বলেন, "আমরা সব দেশের সঙ্গে সুসম্পর্ক চাই সম্মানের ভিত্তিতে, সমতার ভিত্তিতে। সেই লক্ষ্যেই এই সরকার কাজ করে যাচ্ছে। ভারতকে আমরা স্পষ্ট বার্তা দিয়েছি, আমরা ভালো সম্পর্ক চাই, তবে সেটা দুপক্ষেরই স্বার্থের ভিত্তিতে।" এই পরিস্থিতিতে তাঁর মুখে নির্বাচন, ক্ষমতা হস্তান্তর, সরে যাওয়ার মতো শব্দ আলোচনার রসদ দিল অভিজ্ঞ মহলকে। ঠিক কীসের বার্তা, প্রশ্ন তাদের।আর তাঁর এহেন মন্তব্য

২ পাতার পর

# লোকসভায় বাংলায় ভাষণ অভিজিতের

টাটা ট্রেডার্স নামে এক আমদানিকারক সংস্থা বিপুল এই আলু আমদানি করেছে। আর তা করা হয়েছে বাংলার মালদহ থেকে। প্রকাশিত খবর অনুযায়ী, একটি ট্রেনে ৯ হাজার ৪৬০ ব্যাগ আলু আমদানি হয়েছে। যার ওজন ৪ লাখ ৬৮ হাজার কেজি। পণ্য চালানটির আমদানি মূল্য ১০ লাখ ৭ হাজার ৬৪০ মার্কিন ডলার।

# মহিষাদলে তাম্রলিপ্ত জাতীয় সরকারের সর্বাধিনায়ক সতীশচন্দ্র সামন্ত-র জন্ম দিন পালন



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন**

পরাধীন ভারতে ১৯৪২ সালে তমলুকে স্বাধীন সরকার প্রতিষ্ঠা এবং সার্বিক ও সুষ্ঠুভাবে ভাবে পরিচালনা সতীশচন্দ্র সামন্ত-র নেতৃত্বে সম্ভব হয়েছিল। আজ সেই অকৃতদার স্বদেশ প্রেমিক স্বাধীনতা সংগ্রামী সতীশচন্দ্রের ১২৫-তম জন্মবর্ষের সূচনা হলো। এই উপলক্ষে আজ পূর্ব মেদিনীপুর জেলার মহিষাদলের নিকটবর্তী তাঁর পৈত্রিক নিবাস গোপালপুরে বঙ্গীয় হেলে/ হেলিয়া/চাষী কৈবর্ত সমাজের পক্ষ থেকে এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রাক্তন শিক্ষক শ্রীপতি চরণ মাজী।

সতীশচন্দ্রের অন্যতম সহযোগী প্রবীণ স্বাধীনতা সংগ্রামী শীতল প্রসাদ বাগ স্মৃতি চারণার মাধ্যমে সতীশচন্দ্রের সংগ্রামী জীবনের নানা দিক উল্লেখ করেন। প্রধান বক্তা ছিলেন বঙ্গীয় চাষী কৈবর্ত সমাজের রাজ্য সম্পাদক সিদ্ধানন্দ পুরকাইত। তিনি সতীশচন্দ্রের স্মৃতি রক্ষার্থে ও যোগ্য সম্মান দিতে রাজ্য সরকারের উদ্যোগী হতে আহ্বান জানান। সভা থেকে তাঁর নামে হলদিয়া বন্দরের নাম করণের দাবি ওঠে। মাহিষ্য তথা চাষী কৈবর্ত সমাজের এই মহান ব্যক্তির যথার্থ মূল্যায়নের জন্য তিনি শিক্ষিত সচেতন নাগরিকদের আহ্বান জানান। ডঃ সুতনু সামন্ত, তুষার জানা প্রমুখ আরো বিশিষ্ট ব্যক্তি এই সভায় স্বাধীনতার পর দেশ গঠনে সতীশচন্দ্রের ভূমিকা নিয়ে আলোচনা করেন।

# ৫০ লক্ষ টাকা দিতে না পারায় বিধাননগরে প্রোমোটারকে 'মার', গ্রেপ্তার যুবক

**দমদম**

দিনে দুপুরে কাউন্সিলরের দাদাগিরি। তৃণমূল কাউন্সিলরের বিরুদ্ধে ৫০ লক্ষ টাকা তোলা চাওয়ার অভিযোগ। তোলা দিতে না পাড়ায় প্রোমোটারকে মারধর করে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ। তেঘরিয়ার এই ঘটনায় একজনকে গ্রেপ্তার করল বাগুইআটি থানার পুলিশ।রবিবার কাউন্সিলরের অনুগামী হিসাবেই পরিচিত ছাত্রনেতা গোবিন্দ দাস, শুভেন্দু ওরফে বাবাই-সহ কমপক্ষে ৪০ জন প্রোমোটারের উপর চড়াও হয়। অভিযোগ, প্রথমে টাকাপয়সা নিয়ে বাকবিতণ্ডা হয় দুপক্ষের। তবে তা সত্ত্বেও টাকা দিতে অস্বীকার করেন প্রোমোটার। এরপর আগ্নেয়াস্ত্র দিয়ে মারধর করা হয় প্রোমোটারকে। মাথা ফেটে যায় তাঁর। গলগল করে রক্ত বেরতে শুরু করে। আতঙ্কিত হয়ে পড়েন প্রোমোটার ও তাঁর পরিবারের লোকজন। আইনি সাহায্যের আশায় বাগুইআটি থানার দ্বারস্থ হন প্রোমোটার। তাঁর অভিযোগের ভিত্তিতে শুরু হয় তদন্ত। শুভঙ্কর মণ্ডল ওরফে বাবাইকে গ্রেপ্তার করেছে বাগুইআটি থানার পুলিশ। বাকিদের খোঁজে চলছে জোর তল্লাশি। বিধাননগর পুরনিগমে বৈধ অনুমতিতে প্রোমোটার কিশোর হালদার নিজের জমিতে বহুতল তৈরি করছেন।

এরপর ৪ পাতায়

# বড়দিনের ও নববর্ষের অগ্রিম উপহার সান্তা ক্লজের ভূমিকায় মোহনবাগান দলের বিগ বস দিয়ে গেলেন তার প্রিয় সমর্থকদের, সামনের হোম ম্যাচ ফ্রি টিকিট




**কলকাতা**

কল্লোলিনী তিলোত্তমার পারদ যখন ১০ ড্রিগ্রির কাছাকাছি, যুবভারতীতে তার ঠিক তার উলোটপুরান। এক কথায় হাই ভোল্টেজ, টান টান উত্তেজনা নাটক এর ঘনঘটা।

তবে দলগতভাবে মোহনবাগান আজ অনেকটাই ছন্নছাড়া ফুটবল খেলেছেন। ম্যাচের প্রথমার্ধে কেরালার গোলকিপার এর ছোট ভুলে মোহনবাগান স্ট্রাইকার জিমি ১-০ গোল করে দলকে এগিয়ে দেন। তবে শুরুর ১০ মিনিট ২ টো নিখুঁত সেভ না হলে খেলার ফলাফল অন্য হতো, অনবদ্য সেভ বিশাল।

বিরতির পর মুহু মুহু আক্রমণ বাগান এর মাঝমাঠ থেকে ডিফেন্স ত্রাহি ত্রাহি অবস্থা। অসম্ভব দৃষ্টিনন্দন ফুটবল খেলেছেন কেরালার ফুটবলারা আজ। খেলা মোটামুটি পকেটে কেরালার, ২-১ গোল এ এগিয়ে গিয়ে ম্যাচ শেষ করবে, আল্ট্রা ডিফেন্স খেলাটাই হলো পথের কাঁটা। শেষ জোড়া পরিবর্তন করলেন মোহনবাগান কোচ জেসন কামিন্স ও আশিক কুরুনিয়ান। বারংবার বাম প্রান্তিক আক্রমণ ৮৬ মিনিট খেলার ফলাফল ২-২। খেলা তখন অতিরিক্ত সময় ৫ মিনিট বাকি, মোহনবাগান দর্শক হাত জোড়া করে তার প্রিয় ইষ্টদেবতাকে ডাকছে, প্রার্থনা করছে, ঠিক তখন মোহনবাগান জিতে নিল কর্নার। ফিরতি বলে স্টপার রডরিগেজ ৩২ গজ দুর থেকে লং রেঞ্জার শট, এবং শব্দব্রম্ভ গোলললললল। স্কোরলাইন ৩-২! ১১ ম্যাচে ২৬ পয়েন্ট পেয়ে মোহনবাগান প্রথম স্থান ধরে রেখেছে। শেষ ৮ টা ম্যাচে ৭ টা জয় ১ টা ড্র গোল ১৭-৩।। অসাধারণ ফলাফল।।

পরবর্তী খেলা ২০ ডিসেম্বর প্রতিপক্ষ গোয়া। তবে মাঝমাঠ নিয়ে অনেক সতর্ক থাকতে হবে কোচ মলিনাকে। মাঝমাঠে প্রধান অস্ত্র স্টুয়ার্ট অবশ্যই প্রথম একাদশে আসবে তার বলাই বাহুল্য।। আজ মাত্র ১০ মিনিট খেলে ম্যাচের সেরা আশিক কুরুনিয়ান।। দুই দলের কোচ মোলিনা ও মিকাইল এর মগজাস্ত্রের দ্বৈরথ দীর্ঘদিন ফুটবল প্রেমীরা মনে রাখবেন।

খেলা শেষে দুই কোচ একে অপরের দিকে এগিয়ে এলেন, উৎসাহ ও শুভেচ্ছা জানালেন। আজকের ম্যাচের বাজীগর মোলিনা, যত লিগ এগাচ্ছে তত ক্ষুরধার মস্তিষ্কের বিচ্ছরন ঘটছে।

প্রেস মিটে এসে ভীষন শান্ত ভাবে বললেন আজ ছেলেরা সবথেকে খারাপ খেলেছে, তবে ভুলত্রুটি শুধরে সামনের ম্যাচে নাবতে হবে।

তবে ৩ পয়েন্ট ভীষন জরুরী ছিল, ছেলেরা করেছে, তাতেই খুশী।

# ভারতকে দেয়া বিশেষ সুবিধা বাতিল

**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন**

ভারতকে দেয়া বিশেষ সুবিধা 'মোস্ট ফেভারড নেশন' বাতিল করেছে সুইজারল্যান্ড। ভারত ও সুইজারল্যান্ডের মধ্যে ডাবল ট্যাক্সেশন এভয়েডেন্স এগ্রিমেন্টের আওতায় ওই সুবিধা চালু ছিল। সুইস সরকারের নতুন সিদ্ধান্তে ভারতে সুইস বিনিয়োগকে প্রভাবিত করতে পারে।

এছাড়া ইউরোপীয় দেশে পরিচালিত ভারতীয় কোম্পানিগুলোর ওপর উচ্চ কর আরোপের সম্ভাবনাও থাকছে। সুইস ফাইন্যান্স ডিপার্টমেন্টের ১১ ডিসেম্বরের একটি বিবৃতি এ তথ্য নিশ্চিত করে। শনিবার (১৪ ডিসেম্বর) ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়া টুডের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

সুইস ফাইন্যান্স ডিপার্টমেন্ট বলছে, এই পদক্ষেপটি গত বছর ভারতের সুপ্রিম কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে এসেছে। মোস্ট ফেভারড নেশন ধারা

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩৩৮ সংখ্যা ১৬ ডিসেম্বর, ২০২৪ সোমবার ৩০ অগ্রহায়ণ, ১৪৩১

## সম্পাদকীয়

# সরকারি স্কুলেই ইংরেজিতে পড়াশোনা! পশ্চিমবঙ্গ সরকারের এক সিদ্ধান্তে বিরাট সুযোগ

ছেলে-মেয়েদের উন্নতমানের শিক্ষা পরিষেবা দেওয়ার জন্য এখনকার দিনে অধিকাংশ বাবা মায়েরাই ইংরেজি মাধ্যম স্কুলমুখী হয়ে থাকেন। যার ফলে একে একে বিলুপ্ত হয়ে যাচ্ছে পশ্চিমবঙ্গের সমস্ত বাংলা মাধ্যম স্কুলগুলি। যদিও এখনও পর্যন্ত অস্তিত্ব জানান দিয়ে কোনরকমে টিকে আছে হাতেগোনা মাত্র কয়েকটা স্কুল।এপ্রসঙ্গে হাওড়া জেলা প্রাথমিক বিভাগের চেয়ারম্যান কৃষ্ণ ঘোষ বলেছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে এই সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে ইংরেজি মাধ্যম চালু করা হয়েছিল। তার জন্য দক্ষ শিক্ষকও নিয়োগ করা হয়েছে। বর্তমানে এই সালকিয়া সাবিত্রী বালিকা বিদ্যালয় এবং বেলুড় খামারপাড়া বিদ্যালয় দু'টিতে ইংরাজি মাধ্যমে পড়াশোনা করানো হয়। জানা যাচ্ছে, হাওড়া জেলার এই দু'টি বিদ্যালয়ের সাফল্য দেখে আরও পাঁচটি বিদ্যালয়ে প্রাথমিক স্তর থেকেই ইংরাজি মাধ্যম চালু করার চিন্তাভাবনা চলছে। তার জন্য ইতিমধ্যেই প্রস্তাবও পাঠানো হয়েছে শিক্ষা দফতরে।অধিকাংশ স্কুলেই দেখা যাচ্ছে পর্যাপ্ত শিক্ষক-শিক্ষিকা থাকলেও পড়ুয়াদের সংখ্যা একেবারে হাতে গোনা। তাই বাংলা মাধ্যমে স্কুলগুলির এই বেহাল দশা কাটিয়ে পড়ুয়াদের স্কুলমুখী করে তুলতে এবার এক নতুন উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। জানা যাচ্ছে, সরকারি সাহায্য প্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় গুলিতে পড়ুয়া টানতে এবার ইংরেজি মাধ্যম হিসেবে গড়ে তুলতে জোর দিচ্ছে রাজ্য সরকার।

সরকারি উদ্যোগে সাড়া দিয়ে বিদ্যালয় মুখি হচ্ছেন পড়ুয়ারাও। রাজ্যের বাংলা মাধ্যম স্কুলগুলিকে টিকিয়ে রাখার জন্য প্রাথমিক স্তর থেকে ইংরেজি মাধ্যম চালু করার পরিকল্পনা আগেই করেছিল রাজ্য সরকার। এই তালিকায় ইতিমধ্যেই সামিল হয়েছে হাওড়ার দুটি সরকারি স্কুল। যার মধ্যে অন্যতম সালকিয়া সাবিত্রী বালিকা বিদ্যালয়।দেশ স্বাধীন হওয়ার আগেই ১৯২৩ সালে এই স্কুল প্রতিষ্ঠিত হয়েছিল। যদিও বিগত মাত্র কয়েক বছরে এই স্কুলের পড়ুয়া সংখ্যা একেবারে তলানিতে নেমে এসেছিল। পরবর্তীকালে সরকারের উদ্যোগে ২০১৯ সালে এই স্কুলেই ইংরেজি মাধ্যম চালু করা হয়। তারপর থেকেই ধীরে ধীরে অনেক পড়ুয়া আবার এই স্কুলে আসতে শুরু করেছেন।

এ প্রসঙ্গেই স্কুলের টিচার ইনচার্জ অনির্বাণ দাস জানিয়েছেন, একেবারে শুরুতে তাঁরা নাকি একেবারে শূন্য থেকে শুরু করেছিলেন। করোনা পরিস্থিতি কাটিয়ে এখন আবার তাদের স্কুল ঘুরে দাঁড়িয়েছে। ইংরেজি মাধ্যম করার পর বর্তমানে তাঁদের স্কুলের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৮০ জন। বিভিন্ন জায়গায় লিফলেট বিলি করে এবং ব্যানার দিয়ে প্রচার শুরু করা হয়েছিল। যা থেকে খুব ভালো সাড়া মিলেছে। এই স্কুলের পড়ুয়ারা এখন সাবলীলভাবে ইংরেজিতে ক্লাস করছে বলেই জানিয়েছেন তিনি। আর তাতে খুশি পড়ুয়াদের অভিভাবকরাও।

# ভারতের ওপর কুনজর দিলে হাত-পা, কোমর ভেঙে দেব: বাংলাদেশকে হুমকি পীরজাদার

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলা ও প্রতিমা ভাঙচুরের ঘটনায় মুখ খুলেছেন ভারতের পশ্চিমবঙ্গের ফুরফুরা শরিফের দুই পীরজাদা নাজমুস সায়াদত সিদ্দিকি ও পীরজাদা সাফেরি সিদ্দিকি।

এক টিভি চ্যানেলকে দেয়া সাক্ষাৎকারে পীরজাদা নাজমুস সায়াদত সিদ্দিকি বলেন, 'বাংলাদেশে যা হচেছ, সেখানকার কিছু মানুষ যে ভাষা ব্যবহার করছে, হিন্দু ভাই বোনদের ওপর যেভাবে অত্যাচার চালাচ্ছে, তাতে ইসলাম ধর্মের মানুষের মাথা নীচু হয়ে যাচ্ছে। বাংলাদেশের প্রকৃত মুসলমানদের বলব নিজের রক্ত দিয়ে মন্দির রক্ষা করুন। হিন্দু ভাই বোনদের রক্ষা করুন। বিশ্বের মানুষের কাছে হাসির খোরাকে পরিণত হয়েছে বাংলাদেশ। বাংলাদেশ ভারতের উপর কুনজর দিলে হাত, পা, কোমর ভেঙে দেব।

তিনি আরো বলেন, 'বাংলাদেশ একটা ডোবা মাত্র। ভারতের একটা রাজ্য হুঙ্কার দিলে বাংলাদেশকে খুঁজে পাওয়া যাবে না। বাংলাদেশ হচ্ছে ফাঁকা কলসী, ওরা শুধু আওয়াজ দিতেই জানে।' অপরদিকে পীরজাদা সাফেরি সিদ্দিকি বলেন, 'ভারতীয়দের লাথি মেরে বের করলে, আমার আঙুল চুষব না। আপনারা আমাদের দেশে আক্রমণ করতে এলে বর্ডারে গিয়ে ঢাল হয়ে দাঁড়াব।

তবে তিনি সেদেশের ছাত্র আন্দোলনকে কুর্নিশ জানান। তবে তার কথায়, বাংলাদেশের রাজনৈতিক নেতারা যেভাবে বিদ্বেষ ছড়াচ্ছে, তা মেনে নিতে পারছি না। বর্তমান সরকারের কাছে আমার অনুরোধ, দুই দেশের ভ্রাতৃত্ব যাতে নষ্ট না হয়।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সাধারণত প্রতি বৃহস্পতিবার লক্ষ্মী পূজা করা হয় । লক্ষী পুজা ই লক্ষীর পাঁচালী পড়া হয় ।আশ্বিন মাসের শুক্লপক্ষের পূর্ণিমা তিথিতে বিশেষভাবে লক্ষী পূজা করা হয় ।এই লক্ষী পূজা কোজাগরী লক্ষী পূজা নামে পরিচিত। প্রতিটি হিন্দু পরিবারের লক্ষী পূজা করা হয়। প্রতি সপ্তাহের বৃহস্পতিবারে এবং আশ্বিন মাসের শুক্লপক্ষের পূর্ণিমা তিথিতে বিশেষ আয়োজন এর মাধ্যমে লক্ষী পূজা করা হয় । হিন্দু সমাজের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে একাত্মবোধ এর সৃষ্টি করে । ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



মৃত্যুঞ্জয় সরদার
(তেয়িশতম পর্ব)



নৈরাত্মা নামক দেবীরূপে। ইঁহার বর্ণ নীল, একটি মুখ এবং দুইটি হাত, ইনি দেখিতে অতি ভীষণ। অগ্নিজ্বালার ন্যায় কেশরাজি। গলায় মুণ্ডমালা এবং ক্রোধাভাসিত মুখমণ্ডল সত্যই দর্শকের মনে ভয়ের উদ্রেক করিয়া থাকে। ইনি শবোপরি অর্ধপর্যঙ্কাসনে নৃত্য করিতে থাকেন। ইঁহার দক্ষিণ হস্তে উদ্যত কর্ত্রি এবং বামে হৃদপ্রদেশে রক্তপূর্ণ কপাল থাকে। একটি খট্বাঙ্গ তাঁহার বাম স্কন্ধ হইতে ঝুলিতে থাকে। নৈরাত্মাকে হেরুকের শক্তিরূপে সময়ে সময়ে কল্পনা করা হয়" (বিনয়তোষ ৫১)।

"এক পায়ে দাঁড়াইয়া থাকেন এবং অপর পায়ের চেটো সেই পায়ের উরুতে সংলগ্ন থাকে। ইহাকে অর্ধপর্যঙ্কনৃত্যাসন বলা হয়" (বিনয়তোষ ৩৩)।

"জ্ঞানডাকিনী।। অক্ষোভ্যকুলের দেবী জ্ঞানডাকিনীর একটি মণ্ডলের বিবরণ নিষ্পন্নযোগাবলীতে দেওয়া আছে। ইঁহার বর্ণ নীল এবং ইঁহার তিনটি মুখ ও ছয়টি হাত। মূল মুখটি নীল, দক্ষিণ শুক্ল এবং বাম মুখ রক্তবর্ণ এবং শৃঙ্গাররসের দ্যোতক। দক্ষিণ হস্তত্রয়ে উর্দ্ধে উত্থিত খট্বাঙ্গ, পরশু এবং বজ্র থাকে। বাম হস্তত্রয়ে ঘণ্টা, রক্তপূর্ণ কপাল এবং খড়্গ থাকে। দেবীর মুর্তি ভীষণদর্শনা" (বিনয়তোষ ৫১-২)।

"কুরুকুল্লা। অমিতাভের স্ত্রী-সন্ততিদের মধ্যে কুরুকুল্লা নাম বিশেষ ভাবে উল্লেখ যোগ্য। ইনি এককালে বিশেষ জনপ্রিয় ছিলেন এবং ইঁহার মূর্তি নেপালে, তিব্বতে এমনকি মাঞ্চুরিয়ায় পর্যন্ত পাওয়া গিয়াছে। সাধনমালায় অনেকগুলি কুরুকুল্লার সাধনা পাওয়া যায় এবং তাঁহার রূপও অনেক প্রকারের কল্পিত হইয়াছিল। যখন তাঁহার দুইটি হাত থাকে। তখন

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# বিহারে বন্দুক ঠেকিয়ে সরকারি চাকরিজীবীকে অপহরণ করে বিয়ে করল তরুণী



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

ভারতের বিহার পাবলিক সার্ভিস কমিশন পরীক্ষায় পাশ করে সম্প্রতি শিক্ষক হন অবনিশ কুমার। এরপর শুক্রবার (১৩ ডিসেম্বর) তিনি স্কুলে যাচ্ছিলেন। এরই মাঝে কয়েকজন তার পথরোধ করে। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির এক প্রতিবেদনে বলা হয়েছে, অন্তত এক ডজন অজ্ঞাত ব্যক্তি অবনিশের দিকে বন্দুক ঠেকিয়ে অপহরণ করে। এরপর তাকে মারধর করা হয়েছে এবং জোরপূর্বক এক তরুণীর সঙ্গে বিয়ে দেওয়া হয়। তবে এই তরুণীর সঙ্গে অবনিশের চার বছরের সম্পর্ক ছিল বলে অভিযোগ উঠেছে। বিহারের বেগুরসারাই জেলার সুধাকর রাইয়ের ছেলে অবনিশ কুমার। তাকে লাখিসারাই জেলার গুঞ্জন নামের এক তরুণীর আত্মীয়রা অপহরণ করে। স্থানীয় সূত্রে জানা যায়, অবনিশ এবং গুঞ্জনের চার বছরের সম্পর্ক ছিল। তবে সম্প্রতি সরকারি চাকরি পাওয়ায় অবনিশ গুঞ্জনকে বিয়ে করতে অস্বীকৃতি জানায়। গুঞ্জনের অভিযোগ, তাদের দুইজনের সম্পর্ক অনেক সিরিয়াস ছিল। তারা অনেক সময় বিভিন্ন হোটেলে ছিল এবং অবনিশের বাসায়ও গিয়েছিলেন। গুঞ্জন আরও দাবি করেছেন, অবনিশ তাকে প্রতিশ্রুতি দিয়েছিল যে তাকে বিয়ে করে সংসার শুরু করবে। গুঞ্জন বলেন, আমাদের চার বছরের সম্পর্ক কিন্তু আমি যখন তার কথা বাড়িতে জানালাম এবং তাকে বিয়ের কথা বললাম, সে তা প্রত্যাখ্যান করে। প্রতিবেদনে বলা হয়েছে, এরপরেই অবনিশকে অপহরণ করা হয় এবং জোরপূর্বক তাকে গুঞ্জনের সঙ্গে বিয়ে দেওয়া হয়েছে। ইতোমধ্যে এনিয়ে একটি ভিডিও ভাইরাল হয়েছে। ভিডিওতে দেখা যাচ্ছে, অবনিশকে কয়েকজন ধরে আছে এবং গুঞ্জন কনের সাজে আছেন।

তবে তাদের বিয়ের পরে আরেক সমস্যা শুরু হয়েছে। বিয়ের পর গুঞ্জন তার পরিবারকে নিয়ে অবনিশের বাড়িয়ে যায়। অবনিশ তার বাড়িয়ে যাওয়ার পর পালিয়ে যায়। যখন গুঞ্জনের পরিবার অবনিশের বাড়িতে যায় তখন অবনিশের পরিবার তাদের গ্রহণ করেনি। এরপর বাধ্য হয়ে থানায় অভিযোগ দায়ের করেছে গুঞ্জন। এদিকে অবনিশ দাবি করছেন, গুঞ্জনের সঙ্গে তার কোনো রোম্যান্টিক সম্পর্ক ছিল না। তিনি বলেছেন, গুঞ্জনের সঙ্গে আমার কোনো সম্পর্ক ছিল না। সে আমাকে বারবার বিরক্ত করেছিল।

অবনিশের অভিযোগ, ঘটনার দিন কয়েকজন আমায় অপহরণ করে। তারা আমায় মেরেছে এবং জোর করে বিয়ে দিয়েছে। অবনিশও এরই মধ্যে থানায় অভিযোগ দায়ের করেছে।

৩ পাতার পর

# ৫০ লক্ষ টাকা দিতে না পারায় বিধাননগরে প্রোমোটারকে 'মার', গ্রেপ্তার যুবক

তাঁর অভিযোগ, তা সত্ত্বে ৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সমরেশ চক্রবর্তী তাঁর কাছ থেকে ৫০ লক্ষ টাকা তোলা চান। প্রথমবার কাউন্সিলরকে ৩ লক্ষ টাকা দেন বলেই দাবি ব্যবসায়ীর। তবে প্রতিদিনই দাবিদাওয়া বাড়তে থাকে। টাকা দিতে পারছিলেন না প্রোমোটার। শনিবার কাউন্সিলর নিজেই প্রোমোটারের কাছে আসেন বলেই দাবি। তাতে দাবিপূরণ করতে পারেননি প্রোমোটার।

৩ পাতার পর

# ভারতকে দেয়া বিশেষ সুবিধা বাতিল

অনুযায়ী, ভারত ও কোনো তৃতীয় অর্গানাইজেশন ফর ইকোনমিক কোঅপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট দেশের মধ্যে লভ্যাংশ, সুদ, রয়্যালটি বা প্রযুক্তি সেবার ফি-র ওপর কম করের হার প্রযোজ্য হলে, তা সুইজারল্যান্ড ও ভারতের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

জানা গেছে, মোস্ট ফেভারড নেশন নিয়ে বিরোধের পেছনে ভারতের সুপ্রিম কোর্টের একটি রায়ের ভূমিকা রয়েছে। সুইজারল্যান্ডভিত্তিক কোম্পানি নেসলের একটি মামলায় সুপ্রিম কোর্ট জানান, দ্বৈত কর নিরসন চুক্তি স্বয়ংক্রিয়ভাবে ভারতে কার্যকর হবে না। ভারত কর ছাড় না দেয়ায় সুইজারল্যান্ডও কঠোর হলো।

অর্থাৎ, এখন থেকে ভারত আর সরসরি সুবিধা পাবে না। বাণিজ্যের এ ধারার সুবিধা পেতে পৃথক প্রজ্ঞাপনের প্রয়োজন হবে। সুইস সরকার প্রজ্ঞাপন জারির মাধ্যমে ভারতে মোস্ট ফেভারড নেশনের সুবিধা দিতে পারে। এ সিদ্ধান্ত ২০২৫ সালের পয়লা জানুয়ারি থেকে কার্যকর হবে।

# শেখ হাসিনাকে আশ্রয় দেয়া নিয়ে প্রশ্ন উঠছে ভারতে

স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন



ছাত্র জনতার তুমুল আন্দোলনের মুখে গত ৫ আগস্ট প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে ছোট বোনকে সঙ্গে নিয়ে বাংলাদেশ থেকে ভারতে চলে যান শেখ হাসিনা। সাবেক এই প্রধানমন্ত্রী তখন থেকে ভারতের রাজধানী নয়াদিল্লিতে রয়েছেন। সেখানকার এক বাংলোতে থেকে প্রায়ই তিনি রাজনৈতিক বিভিন্ন বক্তব্য-বিবৃতি দিচ্ছেন। এমন পরিস্থিতিতে শেখ হাসিনাকে ভারতে কিসের ভিত্তিতে আশ্রয় দেয়া হয়েছে; তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে দেশটিতেই।

দু'দিন আগে এই প্রশ্ন তুলেছিলেন ভারতের সংসদের কয়েকজন সংসদ সদস্য। ঢাকা সফর থেকে ফেরার দু'দিন পর গত বুধবার ভারতের পররাষ্ট্রসচিব বিক্রম মিশ্রি দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সঙ্গে বৈঠক করেন। ওই বৈঠকে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে আলোচনার বিষয়ে বিষয়ে ব্রিফ করেন তিনি। দিল্লিতে আড়াই ঘণ্টারও বেশি সময় ধরে চলা ব্রিফে দেশটির ২১ থেকে ২২ জন সংসদ সদস্য উপস্থিত ছিলেন। বুধবারের ব্রিফে অংশ নেয়া একাধিক সূত্রের বরাত দিয়ে দেশটির সংবাদমাধ্যম আইএনএস জানায়, ব্রিফিংয়ের সময় পররাষ্ট্রসচিব বিক্রম মিশ্রির কাছে ভারতের কয়েকজন সংসদ সদস্য শেখ হাসিনা কোন মর্যাদায় দেশটিতে অবস্থান করছেন, সেই সম্পর্কে জানতে চেয়েছেন।

এদিকে, শনিবার একই ধরনের প্রশ্ন তুলেছেন ভারতের রাজনৈতিক দল অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিনের (এআইএমআইএম) প্রধান ও হায়দরাবাদের প্রভাবশালী রাজনীতিক এমপি আসাদউদ্দিন ওয়াইসি। বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রীর ভারতে আশ্রয়ের বিষয়ে প্রশ্ন করে তিনি বলেন, বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে কেন আশ্রয় নিয়েছেন এবং বাংলাদেশ সরকারের বিরুদ্ধে বিবৃতি দিচ্ছেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নেতৃত্বাধীন বিজেপি সরকার কি শেখ হাসিনার এসব বক্তব্যকে সমর্থন করছে? প্রশ্ন করেন তিনি। ওয়াইসি বলেন, একটি দেশ হিসাবে বাংলাদেশের সঙ্গে ভারতের পররাষ্ট্রনীতির সম্পর্ক হওয়া উচিত; কোনো বিশেষ পরিবারের সঙ্গে নয় বলে মন্তব্য করেন আসাদউদ্দিন ওয়াইসি।

# সিনেমার খবর

## গোল্ডেন গ্লোবের মনোনয়নে 'এমিলিয়া পেরেজ' সিনেমার জয়জয়কার



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

বিনোদন জগতে বছরের অন্যতম আলোচিত পুস্কার গোল্ডেন গ্লোবের মনোনয়ন তালিকায় এবার জয়জয়কার 'এমিলিয়া পেরেজ' সিনেমাটির। কমেডি অথবা মিউজিক্যাল বিভাগে সেরা সিনেমা সেরা পরিচালক, সেরা অভিনয়শিল্পীসহ ৮২তম গোল্ডেন গ্লোবের গুরুত্বপূর্ণ ১০ শাখায় মনোনয়ন পেয়েছে ফরাসি নির্মাতা জ্যাক অদিয়াঁরের এই সিনেমাটি। চলতি বছরের আলোচিত সিনেমা 'দ্য ব্রুটালিস্ট' মনোনয়ন পেয়েছে ৭টি শাখায়।

ভ্যারাইটি জানিয়েছে, মঙ্গলবার (১০ ডিসেম্বর) ২৭টি বিভাগের মনোনয়ন ঘোষণা করেন অভিনেত্রী মিন্ডি ক্যালিং ও অভিনেতা মরিস চেস্টনাট। গোল্ডেন গ্লোবে ২ শাখায় মনোনয়ন পেয়ে আলোচনায় এসেছে ভারতীয় নির্মাতা পায়েল কাপাডিয়ার সিনেমা 'অল উই ইমাজিন অ্যাজ লাইট'। চলতি বছরের কান উৎসবে দ্বিতীয় সর্বোচ্চ পুরস্কার গ্রাঁ প্রি জিতেছিল কাপাডিয়ার এই সিনেমাটি। 'অল উই ইমাজিন অ্যাজ লাইট' গোল্ডেন গ্লোবে সেরা অ-ইংরেজিভাষী সিনেমা ও সেরা নির্মাতা বিভাগে মনোনীত হয়েছে।

মনোনয়নে আসা নাম- সেরা চলচ্চিত্র (ড্রামা) : দ্য ব্রুটালিস্ট (এ২৪), অ্যা কমপ্লিট আননোন (সার্চলাইট পিকচার্স), কনক্লেভ (ফোকাস ফিচার্স), ডুন:পার্ট টু (ওয়ার্নার ব্রাদার্স পিকচার্স), নিকেল বয়েজ (অ্যামাজন এমজিএম স্টুডিওস), সেপ্টেম্বর ফাইভ (প্যারামাউন্ট পিকচার্স)।

সেরা অভিনেতা (ড্রামা) : অ্যাড্রিয়েন ব্রডি, টিমোটি শ্যালামে, ড্যানিয়েল ক্রেগ, কোলম্যান ডমিঙ্গো, র‍্যালফ ফাইনেস, সেবাস্তিয়ান স্তান

সেরা অভিনেত্রী (ড্রামা) : পামেলা অ্যান্ডারসন, অ্যাঞ্জেলিনা জোলি, নিকোল কিডম্যান, টিলডা সুইনটন, ফার্নান্দা তোরেস, কেট উইন্সলেট

সেরা নির্মাতা : জ্যাক অদিয়াঁর, শন বেকার, এডওয়ার্ড বার্গার, ব্র্যাডি কোর্বেট, কোরালি ফারজাঁ, পায়েল কাপাডিয়া

সেরা চলচ্চিত্র (মিউজিক্যাল অথবা কমেডি) : আনোরা (নিয়ন), চ্যালেঞ্জার্স (অ্যামাজন এমজিএম স্টুডিওস), এমিলিয়া পেরেজ (নেটফ্লিক্স), অ্যা রিয়েল পেইন (সার্চলাইট পিকচার্স), দি সাবস্ট্যান্স (মুবি), উইকেড (ইউনিভার্সেল পিকচার্স)।

উল্লেখ্য, আগামী বছরের ৫ জানুয়ারি অনুষ্ঠিত হবে গোল্ডেন গ্লোবের ৮২তম আসর।

## আলোচনায় থাকতেই কি শাহরুখের প্রশংসা করেন মাহিরা?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

২০১৭ সালে মুক্তি পায় রাহুল ঢোলাকিয়া পরিচালিত ছবি ওরইস্থ। যেখানে শাহরুখ খানের বিপরীতে ছিলেন পাকিস্তানি অভিনেত্রী মাহিরা খান। যাকে প্রায়ই শাহরুখের প্রশংসা করতেও শোনা যায়। পাশাপাশি তিনি বিভিন্ন কারণে নেটিজেনদের কটাক্ষের শিকার হয়ে থাকেন। কারও মতে, মানুষের দৃষ্টি আকর্ষণ করার জন্যই 'বলিউড কিং' এর নাম নেন তিনি। নানা সমালোচনায় এবার নীরবতা ভেঙেছেন মাহিরা। করাচিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মাহিরা খান সমালোচকদের এই চর্চার জবাব দেন।

তিনি বলেন, 'যখনই কোনও সাক্ষাৎকার হয়, তাকে শাহরুখ খানের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়। শাহরুখকে নিয়ে কথা বলতে তিনি ভালোবাসেন। তবে তাতে মানুষ কখনোই সন্তুষ্ট নন।'

পাকিস্তানি অভিনেত্রীর কথায়, 'আমাকে কেউ প্রশ্ন করলে আমি তার উত্তর দিই। তখনই সকলের মনে হয় আমি তাকে নিয়ে কথা বলছি। আমি নিজে থেকে কখনও কথা বলতে চাই না। আমার মনে হয় যে আপনারা আমাকে তাঁর সম্পর্কে জিজ্ঞাসা করা বন্ধ করে দিন।' মাহিরা শাহরুখকে তার 'ছোটবেলার প্রেম' বলেও উল্লেখ করেছেন।

মাহিরা পাকিস্তানের একজন অত্যন্ত জনপ্রিয় মুখ। 'হাম সাফর' সিরিয়ালের পর ভারতেও বেশ জনপ্রিয় হয়ে ওঠেন অভিনেত্রী। ফাওয়াদ খানের সঙ্গে তার জুটি দেখার মতো। ২০১৭ সালে 'রইস' ছবির মাধ্যমে বলিউডে পা রাখেন তিনি।

## সোনাক্ষীকে নিয়ে আবেগঘন পোস্ট স্বামী জাহিরের, যা লিখলেন



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

বিয়ের আগে অনেক কাঠখড় পোড়াতে হলেও বর্তমানে সুখে সংসার করছেন সোনাক্ষী সিন্‌হা ও জাহির ইকবাল দম্পতি। ভিন্‌ধর্মে বিয়ে বলে প্রথম দিকে পরিবারের সম্মতি ছিল না। তবে, বেশ সময় লাগলেও পরিবারকে রাজি করিয়েছেন সোনাক্ষী। অবশেষে বহু বাধা পেরিয়ে চারহাত এক হয়েছে যুগলের।

ভিন্‌ধর্মে বিয়ে নিয়ে সমস্যার কথা অবশ্য কখনো স্বীকার করেনি সিন্‌হা পরিবার। তবে জাহিরের একটি পোস্ট ইঙ্গিত দিলো, বিয়ের আগে বহু বন্ধুর পথ পেরিয়ে এসেছেন তারা। এই বিশ্বব্রহ্মাণ্ডে এমন কিছু সম্পর্ক থাকে যা অদৃশ্য সুতোয় বাঁধা। সোনাক্ষীর সঙ্গে নাকি তার এমনই সম্পর্ক।

জাহিরের পোস্টে লেখা, সঠিক সময় আসার আগে পর্যন্ত এই বিশ্বব্রহ্মাণ্ড দু'টি মানুষের কখনোই মিলন হতে দেয় না। সেই নির্দিষ্ট সময় বেশ কিছু কাকতালীয় ঘটনা ঘটবে। এই অর্থপূর্ণ কাকতালীয় ঘটনাগুলো না ঘটলে দু'জনের হয়তো কখনোই দেখা হত না। কিন্তু এই ব্রহ্মাণ্ড এই ভাবেই সবটা সাজিয়ে রেখেছে।

জাহির লিখেছেন, একটা সময় সবটা উপলব্ধি করতে পারবেন। দু'জনে দেখা হলে বুঝবেন, পরস্পরের জন্য নিজেদের মনকে প্রস্তুত করতেই এত দিন এত বাধা পেরোতে হয়েছে।

কিছু দিন আগেই এক অনুষ্ঠানে সপরিবার উপস্থিত ছিলেন সোনাক্ষী। সেখানে সোনাক্ষীর মা পুনম সিন্‌হা দাবি করেন, জাহির নয়, সোনাক্ষীই নাকি বেশি ভালোবাসেন তাকে। পুনম বলেন, আমার মা বলতেন, তাকেই বিয়ে করবে, যে তোমাকে বেশি ভালবাসে। আমি কিন্তু সেটাই করেছি। কিন্তু আমার মেয়ে এটা কী করল? এমন একজনকে বিয়ে করল, যাকে ও বেশি ভালোবাসে।

মায়ের কথা শুনে সোনাক্ষী সঙ্গে সঙ্গে বলে ওঠেন, এটা নিয়ে তর্ক হতে পারে। জাহির মনে করে, ও আমাকে বেশি ভালোবাসে। আবার আমি মনে করি, আমি জাহিরকে বেশি ভালোবাসি। কোন সত্যকে মান্যতা দেয়া হবে, সেটা একটা বিষয়।

## অবশেষে মেয়েকে প্রকাশ্যে আনলেন দীপিকা



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

মা হওয়ার পর এই প্রথম প্রকাশ্যে এলেন দীপিকা পাড়ুকোন। এবার কন্যা দুয়াকেও প্রকাশ্যে আনলেন অভিনেত্রী। ৮ সেপ্টেম্বর মা হয়েছেন দীপিকা। তারপর থেকে আড়ালে মা-মেয়ে। দীপাবলিতে কন্যা দুয়ার নূপুর পরা এক জোড়া পায়ের ছবি সামাজিকমাধ্যমে শেয়ার করেছিলেন অভিনেত্রী। অবশেষে কন্যা দুয়াকে কোলে নিয়ে বেরোলেন দীপিকা। দীপিকার পরনে লম্বা লাল ম্যাক্সি ড্রেস। চেনা কায়দায় বাঁধা খোঁপা। চোখে রোদচশমা। দুয়াকে কোলে আগলে নিয়ে মুম্বাই বিমানবন্দর থেকে বেরিয়ে গাড়িতে উঠলেন অভিনেত্রী। তবে কন্যার মুখ কোনোভাবেই দেখতে দিলেন না। বেঙ্গালুরু থেকে এ দিন ফিরলেন দীপিকা। বেঙ্গালুরুতে দিলজিৎ দোসাঞ্জের অনুষ্ঠান দেখতে গিয়েছিলেন তিনি।

দিলজিতের অনুষ্ঠানে ঢিলেঢালা ডেনিম প্যান্ট ও টিশার্ট পরেছিলেন দীপিকা। এদিনও তেমনই ঢিলেঢালা পোশাক বেছে নিয়েছেন তিনি। তবে দিলজিতের অনুষ্ঠানে নেটাগরিকের চোখে পড়েছে, মাতৃত্বকালে যেন সামান্য মুটিয়ে গেছেন অভিনেত্রী। তবে তাতে লাবণ্যে কোনো ঘাটতি পড়েনি।

চলতি বছরে ফেব্রুয়ারিতে দীপিকা ও রণবীর ঘোষণা করেছিলেন, তাদের সংসারে আসছে নতুন সদস্য। এরপরে মে মাসে ভোটদান পর্বে স্ফীতোদর নিয়ে প্রকাশ্যে এসেছিলেন অভিনেত্রী। সঙ্গে সঙ্গে ধেয়ে এসেছিল কটাক্ষ। হাঁটা দেখে নাকি মোটেই অন্তঃসত্ত্বা মনে হয়নি তাকে। এমনকি স্ফীতোদরও নাকি নকল। এমন তির্যক মন্তব্যও করেছিলেন নিন্দুকেরা। তবে কোনো প্রতিক্রিয়া দেননি দীপিকা। পরে মাতৃত্বকালীন ফটোশুটে ফের প্রকাশ করেছিলেন উন্মুক্ত স্ফীতোদরের ছবি।

গণেশ চতুর্থী উপলক্ষে ৭ সেপ্টেম্বর সিদ্ধি বিনায়ক মন্দিরে গিয়েছিলেন দীপিকা ও রণবীর। তারপরেই তড়িঘড়ি হাসপাতালে ভর্তি হন দীপিকা। ৮ সেপ্টেম্বর কোলে আসে কন্যাসন্তান - দুয়া পাড়ুকোন সিংহ।

## জন্মদিনে মায়ের নাচের ভিডিও শেয়ার করে যা বললেন সালমান



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

মায়ের জন্মদিনে একেবারে অন্য রূপে ধরা দিলেন সালমান খান।। মা সালমা খানের একটি সুন্দর নাচের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করলেন চিরকুমার এই অভিনেতা। সালমান ইনস্টাগ্রামে তার ভক্তদের সঙ্গে মা সালমার একটি মন ছুঁয়ে যাওয়া ভিডিও শেয়ার করেছেন। সালমানের জীবনের নানা সমস্যার সবচেয়ে বেশি প্রভাব পড়েছে তার পরিবারের উপর। এর আগে বহুবার এ কথা বলতে শোনা গেছে তাদের। ভিডিও শেয়ার করে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে সালমান লিখেছেন, 'শুভ জন্মদিন মাম্মি। মাদার ইন্ডিয়া, আমাদের পৃথিবী।'

ভিডিওতে সালমাকে তার ছোট ছেলে সোহেলের সঙ্গে নাচতে দেখা যাচ্ছে। একের পর এক হুমকিতে যখন সালমানকে নিয়ে চিন্তায় ভক্তরা, তখন এমন মুহূর্ত মন জয় করেছে সকলের বলা চলে। সোশ্যাল মিডিয়ায় পোস্ট করতেই ভিডিওটি ভাইরাল হয়ে যায়। ভাইজানের শেয়ার করা ভিডিয়োতে দেখা যাচ্ছে মিউজিকের সঙ্গে সঙ্গে পা মেলাচ্ছেন মা-ছেলে। খান পরিবারের সব ভাইবোনদের মুখেই তাদের মা সালমার জীবনের নানা কথা শোনা যায়। বলিউডের প্রবীণ জুটি সেলিম খান এবং জাভেদ আখতারের ডকুমেন্টারি সিরিজ 'অ্যাংরি ইয়ং ম্যান'-এ আরবাজ খান বলেছিলেন, তার মা সালমা তাদের বাবার সঙ্গে স্ত্রী হেলেনের সঙ্গে সম্পর্ক নিয়ে বা তাদের বিরুদ্ধে কখনও খারাপ কিছু বলেননি।

চ্যাম্পিয়ন্স লিগ

# বায়ার্নের গোল উৎসবের রাতে রিয়ালের রোমাঞ্চকর জয়



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

চ্যাম্পিয়ন্স লিগে টানা তৃতীয় জয়ের দেখা পেয়েছে বায়ার্ন মিউনিখ। শুরুতে পিছিয়ে পড়ার পর দারুণভাবে ঘুরে দাঁড়িয়ে শাখতার দোনেৎস্কের জালে গোল উৎসব করেছে জার্মান জায়ান্টরা। তবে রাতটা সহজ ছিল না ইউরোপিয়ান জায়ান্ট রিয়াল মাদ্রিদের জন্য।

রিয়ালের বিপক্ষে চোখে চোখ রেখে লড়েও হারের হতাশা সঙ্গী হয়েছে ইতালিয়ান সেরি আর দল আতালান্তার। দলের দখল ও আক্রমণে আধিপত্য করেও তারা ম্যাচ হেরেছে ৩-২ গোলে।

টানা দুই হারের পর প্রতিপক্ষের মাঠে পাওয়া এই জয়ে নকআউট পর্বে ওঠার সম্ভাবনা জোরালো করেছে রিয়াল। দলের জয়ে গোল তিনটি করেছেন আক্রমণভাগের ত্রয়ী জুড বেলিংহাম, কিলিয়ান এমবাপে ও ভিনিসিয়ুস জুনিয়র।

একই রাতে ইউক্রেনের ক্লাব শাখতার দোনেৎস্কের বিপক্ষে শুরুতে পিছিয়ে পড়েও ৫-১ গোলে জিতেছে বায়ার্ন।

নামে-ভারে রিয়াল এগিয়ে থাকলেও সাম্প্রতিক ফর্মে এগিয়ে ছিল আতালান্তা। ইতালির ছোট্ট শহর বের্গামোর ক্লাবটি বর্তমানে সেরি 'আ'-এর পয়েন্ট তালিকার শীর্ষে। তাছাড়া খেলাটাও ছিল নিজেদের মাঠে।

পুরো ম্যাচে নিজেদের সামর্থ্য দেখায় আতালান্তা। প্রায় ৫৫ শতাংশ সময় বল দখলে রেখে স্বাগতিক দলটি গোলের জন্য ২০টি শট নিয়ে ৯টি লক্ষ্যে রাখে। বিপরীতে রিয়ালের ১০ শটের ছয়টি ছিল লক্ষ্যে।

তবে প্রায় ২৫ হাজার দর্শক ধারণক্ষমতার গিউইস স্টেডিয়ামকে স্তব্ধ করে দিতে খুব বেশি সময় লাগেনি রিয়ালের। ১০ মিনিটেই ব্রাহিম দিয়াজের পাস থেকে মাদ্রিদের ক্লাবটিকে এগিয়ে দেন এমবাপে।

চ্যাম্পিয়নস লিগে ফরাসি তারকার এটি ৫০তম গোল। ইউরোপীয় ক্লাব ফুটবলের শীর্ষ এই প্রতিযোগিতায় তিনি প্রথম ৬ গোল করেছিলেন এএস মোনাকোর হয়ে, রিয়ালের হয়ে আজকের গোলটি ছিল দ্বিতীয়, বাকি ৪২ গোল পিএসজির জার্সিতে।

সব মিলিয়ে চ্যাম্পিয়নস লিগ ইতিহাসের নবম ফুটবলার হিসেবে ৫০ গোলের মাইলফলক স্পর্শ করলেন এমবাপে, বয়সের হিসেবে ২৫ বছর ৩৫৬ দিনে। তাঁর চেয়ে কম বয়সে ৫০ গোল করেছেন শুধু লিওনেল মেসি (২৪ বছর ২৮৪ দিন বয়সে)।

দল জিতলেও রাতটা অবশ্য ভালো কাটেনি এমবাপের। উরুর চোট নিয়ে ম্যাচের ৩৬ মিনিটে মাঠ ছাড়েন তিনি। তাঁর বদলি নামেন রদ্রিগো।

প্রথমার্ধের যোগ করা সময়ে স্পট কিকে সমতা টানেন চার্লস ডি কেটেলায়ের। দ্বিতীয়ার্ধে তিন মিনিটের ঝড়ে স্কোরলাইন ৩-১ করে ফেলে রিয়াল।

ম্যাচের ৫৬তম মিনিটে চোট কাটিয়ে ফেরা ভিনিসিউসকে দিয়ে গোল করানোর পর নিজে স্কোরশিটে নাম লেখান বেলিংহাম। ৬৫ মিনিটে আদেমোলা লুকমানের গোলে ব্যবধান কমিয়ে ম্যাচে ফেরার আভাস দেয় আতালান্তা। কিন্তু হার এড়াতে পারেনি দলটি।

বায়ার্নের গল্পটা অবশ্য ভিন্ন। ম্যাচের পঞ্চম মিনিটেই কেভিনের গোলে পিছিয়ে পড়ার পর সমতা ফেরান কনরাড লাইমার। টমাস মুলার সফরকারীদের এগিয়ে নেওয়ার পর দ্বিতীয়ার্ধে জোড়া গোল করেন ওলিসে। এর মাঝে জালের দেখা পান জামাল মুসিয়ালা।

চলতি আসরে ছয় ম্যাচে বায়ার্নের চতুর্থ জয় এটি। তাদের আগের তিনটি জয় ছিল ঘরের মাঠে।

৬ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে অষ্টম স্থানে আছে বায়ার্ন। সমান ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে ২৭ নম্বরে আছে শাখতার।

আসরে প্রথম চার ম্যাচে জাল অক্ষত রাখা আতালান্তা গত রাউন্ডে হজম করে একটি গোল। এবার খেল তিনটি। চার ধাপ পিছিয়ে নবম স্থানে নেমে গেছে তারা, ১১ পয়েন্ট নিয়ে।

ছয় ম্যাচে তিন জয়ে ৯ পয়েন্ট নিয়ে ১৮ নম্বরে উঠেছে রিয়াল।

আরেক ম্যাচে অস্ট্রিয়ান ক্লাব সালসবুর্ককে ৩-০ গোলে হারিয়েছে পিএসজি। ৭ পয়েন্ট নিয়ে ২৪তম স্থানে উঠেছে ফরাসি ক্লাবটি।

আর দিনের শুরুতে জিরোনাকে ১-০ গোলে হারানো লিভারপুল ১৮ পয়েন্ট নিয়ে আছে শীর্ষে। নকআউট পর্ব নিশ্চিত হয়ে গেছে তাদের।

# প্রধান কোচ ট্রটকে ছাড়ছে না আফগানিস্তান

স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন




প্রধান কোচ জনাথন ট্রটের সঙ্গে চুক্তির মেয়াদ আরও এক দফায় বাড়িয়েছে আফগানরা। ২০২৫ সালের শেষ পর্যন্ত দায়িত্বে থাকছেন সাবেক এই ইংলিশ ব্যাটসম্যান। জিম্বাবুয়ে সফরে ওয়ানডে ক্রিকেট দিয়ে তার পরবর্তী অ্যাসাইনমেন্ট শুরু হবে। তবে এই সফরে অন্য ফরম্যাটে তিনি থাকবেন না ব্যক্তিগত কারণে। তার অনুপস্থিতিতে হামিদ হাসান প্রধান কোচ এবং নওরোজ মঙ্গল সহকারী কোচের দায়িত্ব পালন করবেন।

গেল দুই বছরে আফগানিস্তানের সাফল্যগুলো এসেছে হেড কোচ জোনাথন ট্রটের হাত ধরে। সর্বশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপে আফগানিস্তানকে প্রথমবারের মতো সেমিফাইনালে তুলেছিলেন তিনি।

২০২৩ সালের ওয়ানডে বিশ্বকাপে পাকিস্তান, ইংল্যান্ড, শ্রীলঙ্কাকে হারিয়ে সেরা আটে থেকে চ্যাম্পিয়ন্স ট্রফির টিকেট পাওয়া এবং সর্বশেষ শারজায় দক্ষিণ আফ্রিকা ও বাংলাদেশের বিপক্ষে ওয়ানডে সিরিজ জয়ের মাস্টারমাইন্ডও হলেন ট্রট।

২০২২ সালের জুলাইয়ে দেড় বছরের চুক্তিতে আফগানিস্তানের দায়িত্ব নেন ট্রট। সাফল্যময় সময় পেরিয়ে মেয়াদ শেষে এক বছরের জন্য বাড়ানো হয় মেয়াদ। এবার আরেক দফায় এক বছরের জন্য নবায়ন করা হলো চুক্তি।

ওয়ানডেতে এ বছর আফগানরা টানা তিন ওয়ানডে সিরিজ জিতেছে আয়ারল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও বাংলাদেশের বিপক্ষে। শুধু টেস্ট ক্রিকেটে তাদের পারফরম্যান্স ভালো ছিল না। দুটি টেস্ট খেলে দুটিই হেরেছে শ্রীলঙ্কা ও আয়ারল্যান্ডের বিপক্ষে।

আফগানদের পরবর্তী বড় আসর আগামী ফেব্রুয়ারি-মার্চে চ্যাম্পিয়ন্স ট্রফি। যে আসরে খেলার যোগ্যতা অর্জন করেছে তারা ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে দারুণ পারফর্ম করে। ইংল্যান্ডের হয়ে ৫২ টেস্ট ও ৬৮ ওয়ানডে খেলা ব্যাটসম্যান ট্রট প্রধান কোচের দায়িত্ব প্রথমবার পালন করছেন আফগানিস্তানেই। এর আগে ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপে স্কটল্যান্ডের পরামর্শক ছিলেন তিনি।

# সবার আগে শেষ ষোলোতে লিভারপুল




স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

ছয় ম্যাচ শেষেও একমাত্র দল হিসেবে উয়েফা চ্যাম্পিয়নস লিগে শতভাগ সাফল্য ধরে রাখলো লিভারপুল। মঙ্গলবার তারা স্প্যানিশ দল জিরোনাকে হারিয়েছে ১-০ গোলে। একমাত্র গোলটি করেছেন মোহাম্মদ সালাহ।

স্প্যানিশ ক্লাবটির মাঠে মঙ্গলবার স্পটকিক থেকে গোল করে দলকে টানা ৬ জয় এনে দেন এই ফরোয়ার্ড। চ্যাম্পিয়ন্স লিগে এবারের আসরে একমাত্র অপরাজিত দল তারা। সেইসঙ্গে নিশ্চিত করেছে রাউন্ড অভ সিক্সটিনে অংশগ্রহণ। এদিন লিভারপুলের জার্সিতে ৬৫৬ দিন পর একইসঙ্গে ম্যাচ শুরু করেছিলেন অ্যালিসন বেকার, ট্রেন্ট আলেকজান্ডার আর্নল্ড, ভার্জিল ভ্যান ডাইক, জো গোমেজ এবং অ্যান্ডি রবার্টসন। লিভারপুলের হয়ে সর্বজয়ী এই ডিফেন্স লাইনআপ জিরোনার বিপক্ষে আরও একবার দেখালেন নিজেদের সামর্থ্য। আক্রমণ-প্রতি আক্রমণের ম্যাচে একমাত্র গোল আসে ৬৪ মিনিটে। বক্সে লুইস দিয়াস ফাউলের শিকার হলে ভিএআরের সাহায্যে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। সালাহর সফল স্পট কিকে এগিয়ে যায় লিভারপুল। শেষ পর্যন্ত সেটাই গড়ে দেয় ব্যবধান।

# ১৭ বছর পর মেসি ছাড়া ফিফপ্রোর বিশ্ব একাদশ, জায়গা পেলেন যারা


স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

দুর্দান্ত পারফরম্যান্সে ইন্টার মায়ামিতে লিওনেল মেসি রাঙাচ্ছেন নিজের মতো করে। গোল করে চলেছেন মুড়ি-মুড়কির মতো। একের পর এক শিরোপায় সেজে উঠছে তার ক্যাবিনেটও। ২০২২ সালে জেতেন অধরা বিশ্বকাপ। পাশাপাশি দুটি কোপা আমেরিকার শিরোপা তো রয়েছেই। অথচ ছন্দে থাকা আর্জেন্টিনার এই বিশ্বজয়ী ফুটবলারের জায়গাই হলো না ২০২৪ সালের বর্ষসেরা ফুটবলারের একাদশে।

ফিফপ্রো গত রাতে নিজেদের অফিশিয়াল ওয়েবসাইটে ২০২৪-এর বর্ষসেরা একাদশের তালিকা প্রকাশ করেছে। তাতে নেই মেসির নাম। তার নাম না দেখে অনেক ভক্ত-সমর্থক যতটা না হতাশ, সেটার চেয়ে বেশি অবাক হয়েছেন। কারণ, ২০০৭ থেকে ২০২৩ পর্যন্ত টানা ১৭ বছর ফিফপ্রোর বর্ষসেরা একাদশে আর্জেন্টাইন তারকা ফুটবলারের নামটা চিরস্থায়ী হয়ে গিয়েছিল।

২০০৬ সালের পর অবশেষে ২০২৪ সালে এসে ফুটবলারদের ভোটে নির্বাচিত বছরের সেরা একাদশ থেকে কাটা পড়ল মেসির নাম। ফলে দীর্ঘ ১৭ বছর পর আর্জেন্টাইন সুপারস্টারকে ছাড়াই গঠিত হলো ফিফার বর্ষসেরা একাদশ। ২০০৬ সালের পর যে এই প্রথম ফুটবলারদের ভোটে নির্বাচিত বছরের সেরা একাদশে নেই আর্জেন্টাইন মহাতারকা।

শুরুটা হয়েছিল ২০০৭ সালের ১৭ ডিসেম্বর। পেশাদার ফুটবলারদের ভোটে প্রথমবার ফিফপ্রো বিশ্ব একাদশে জায়গা করে নিয়েছিলেন লিওনেল মেসি। তারই অবসান হলো ২০২৪ সালের ৯ ডিসেম্বর। ৭০ দেশের খেলোয়াড়দের ভোটে নির্বাচিত বর্ষসেরা দলে নেই আর্জেন্টিনার মহাতারকা। চূড়ান্ত একাদশে জায়গা হয়নি ক্রিশ্চিয়ানো রোনালদোরও।



এবারের একাদশটি মূলত ইউরোপের দুটি ক্লাবরিয়াল মাদ্রিদ ও ম্যানচেস্টার সিটিএর খেলোয়াড়দের নিয়েই গঠিত হয়েছে। রিয়াল মাদ্রিদের ৬ জন, ম্যানচেস্টার সিটির ৪ জন খেলোয়াড় জায়গা পেয়েছেন এ একাদশে। এছাড়া একমাত্র লিভারপুলের খেলোয়াড় ভার্জিল ভ্যান ডাইক একাদশে স্থান পেয়েছেন।

একাদশে জায়গা পাওয়া অন্য খেলোয়াড়টি লিভারপুলের ভার্জিল ভ্যান ডাইক। রিয়ালের ছয় খেলোয়াড়ের মধ্যে আছেন সদ্য ফুটবল থেকে অবসর নেওয়া টনি ক্রুস। রিয়ালের অন্য পাঁচজন দানি কারভাহাল, আন্তনিও রুডিগার, জুড বেলিংহাম, কিলিয়ান এমবাপ্পে ও ভিনিসিয়ুস জুনিয়র। এদের মধ্যে এমবাপে অবশ্য শুরুর দিকটা পার করেছেন প্যারিস সেইন্ট জার্মেইনের মাঝে। ম্যানসিটির চারজন এডারসন মোয়ারেস, কেভিন ডি ব্রুইনা, আর্লিং হলান্ড ও রদ্রি।

একইদিনে মেয়েদের বর্ষসেরা একাদশও ঘোষণা করেছে ফিফপ্রো। ছেলে-মেয়ে মিলিয়ে বর্ষসেরা একাদশ নির্বাচনে ভোট দিয়েছেন বিশ্বের ৭০টি দেশের ২৮ হাজারের বেশি পেশাদার ফুটবলার। ২০২৩ সালের ২১ আগস্ট থেকে ২০২৪ সালের ১৪ জুলাই পর্যন্ত যারা অন্তত ৩০টি ম্যাচ খেলেছেন তারাই বিবেচিত হয়েছেন সেরা একাদশের এই নির্বাচনে।

২০২৪ ফিফপ্রো বিশ্ব একাদশ (পুরুষ):

গোলরক্ষক: এডারসন মোয়ারেস (ম্যানচেস্টার সিটি, ব্রাজিল)

ডিফেন্ডার: দানি কারভাহাল (রিয়াল মাদ্রিদ, স্পেন), ভার্জিল ভ্যান ডাইক (লিভারপুল, নেদারল্যান্ডস), অ্যান্টোনিও রুডিগার (রিয়াল মাদ্রিদ, জার্মানি)

মিডফিল্ডার: জুড বেলিংহাম (রিয়াল মাদ্রিদ, ইংল্যান্ড), কেভিন ডি ব্রুইনা (ম্যানচেস্টার সিটি, বেলজিয়াম), টনি ক্রুস (রিয়াল মাদ্রিদ, জার্মানি), রদ্রি (ম্যানচেস্টার সিটি, স্পেন)

ফরোয়ার্ড: আর্লিং হলান্ড (ম্যানচেস্টার সিটি, নরওয়ে), কিলিয়ান এমবাপ্পে (পিএসজি/রিয়াল, ফ্রান্স), ভিনিসিয়ুস জুনিয়র (রিয়াল মাদ্রিদ, ব্রাজিল)।

২০২৪ ফিফপ্রো বিশ্ব একাদশ (নারী)

২০২৪ ফিফপ্রো বিশ্ব একাদশ (নারী):

গোলরক্ষক: মেরি ইয়ার্পস (ম্যান ইউনাইটেড/পিএসজি, ইংল্যান্ড)

ডিফেন্ডার: লুসি ব্রোঞ্জ (বার্সেলোনা/চেলসি, ইংল্যান্ড), ওলগা কারমোনা (রিয়াল মাদ্রিদ, স্পেন), অ্যালেক্স গ্রিনউড (ম্যানচেস্টার সিটি, ইংল্যান্ড)

মিডফিল্ডার: আইতানা বোনমাতি (বার্সেলোনা, স্পেন), অ্যালেক্সিয়া পুতেয়াস (বার্সেলোনা, স্পেন), কিরা ওয়ালশ (বার্সেলোনা, ইংল্যান্ড)

ফরোয়ার্ড: বারব্রা বান্দা (শাংহাই শেংলি/অরল্যান্ডো প্রাইড, জাম্বিয়া), লিন্ডা কাইসেদো (রিয়াল মাদ্রিদ, কলম্বিয়া), লরেন জেমস (চেলসি, ইংল্যান্ড), মার্তা (অরল্যান্ডো প্রাইড, ব্রাজিল)।


# ডব্লিউটিএ'র বর্ষসেরা খেলোয়াড় বেলারুশের সাবালেঙ্কা

স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

টেনিসের আঙিনায় স্বপ্নের মতো বছর কাটিয়ে দারুণ এক স্বীকৃতি পেলেন র‍্যাঙ্কিংয়ের শীর্ষ খেলোয়াড় আরিনা সাবালেঙ্কা। প্রথমবারের মতো ডব্লিউটিএ বর্ষসেরা খেলোয়াড়ের পুরস্কার জিতলেন বেলারুশের এই তারকা।

মেয়েদের এককে ২০২৪ সালে মোট চারটি শিরোপা জেতেন সাবালেঙ্কা। ক্যারিয়ারের তিন গ্র্যান্ড স্ল্যামের দুটি জেতেন তিনি এই বছরে। গত জানুয়ারিতে ধরে রাখেন অস্ট্রেলিয়ান ওপেন। সেপ্টেম্বরে প্রথমবারের মতো জেতেন ইউএস ওপেন।

গত অগাস্টে সিনসিনাটি ওপেন জয়ের পর অক্টোবরে উহান ওপেনের ট্রফিতে চুমু আঁকেন তিনি। প্রথম নারী হিসেবে তিনবার উহান ওপেন জয়ের কীর্তি গড়েন ২৬ বছর বয়সী এই খেলোয়াড়। ইগা শিয়াওতেকের ১১ মাসের রাজত্বের অবসান ঘটিয়ে গত অক্টোবরে র‍্যাঙ্কিংয়ের শীর্ষে ওঠেন তিনি।



চোটের কারণে তিনি খেলতে পারেননি এবারের উইম্বলডনে। স্বাস্থ্যকে অগ্রাধিকার দিতে সরে দাঁড়ান প্যারিস অলিম্পিকস থেকেও। এই মৌসুমে ৫৬ জয়ের বিপরীতে ১৪ ম্যাচ হেরেছেন সাবালেঙ্কা।

প্রসঙ্গত, গণমাধ্যমের ভোটে ডব্লিউটিএ বর্ষসেরা খেলোয়াড় নির্বাচন করা হয়। গত দুই বছরে সেরা হয়েছিলেন পোলিশ তারকা শিয়াওতেক।

# ব্রিসবেন টেস্ট : হেড-স্মিথের সেঞ্চুরি, বুমরার ৫ উইকেট

স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

বোর্ডার-গাভাস্কার সিরিজের উত্তাপ চড়তে শুরু করেছে তা বুঝা গিয়েছিল অ্যাডিলেড টেস্ট দিয়েই। তবে ব্রিসবেনে প্রথম দিনেই জল ঢেলে দিয়েছিল আবহাওয়া, গ্যাবায় টসে হেরে অজিরা ব্যাট করতে নামলেও পনেরও ওভারও খেলা হয়নি তুমুল বৃষ্টির কারণে। এরপর খেলা মাঠে গড়িয়েছে একেবারে আজ দ্বিতীয় দিনে। আজ খেলা শুরু হতে না হতেই উত্তাপের দেখাও মিলেছে। ভারতীয় বোলারদের বেধড়ক পিটিয়ে সেঞ্চুরি তুলে নিয়েছেন ট্রাভিস হেড ও স্টিভেন স্মিথ। অ্যাডিলেডে ১৪০ রানের ইনিংস খেলা হেড আজ ব্রিসবেনে করেছেন ১৫২ রান।

হেডের পর তৃতীয় সেশনে সেঞ্চুরি তুলে নেন স্মিথও। টেস্ট ক্যারিয়ারে এটি তাঁর ৩৩তম সেঞ্চুরি, তবে গত বছরের অ্যাশেজে লর্ডস টেস্টের পর প্রথম। দুজনের ২৪১ রানের জুটির সুবাদে গ্যাবায় সুবিধাজনক অবস্থানে থেকে দ্বিতীয় দিন শেষ করেছে অস্ট্রেলিয়া।

চতুর্থ উইকেটে তাদের ২৪১ রানের জুটিতে অস্ট্রেলিয়া ৭ উইকেট হারালেও দ্বিতীয় দিন শেষে তাদের প্রথম ইনিংসে স্কোর দাঁড়িয়েছে ৪০৫ রান।

সংক্ষিপ্ত স্কোর:

অস্ট্রেলিয়া ১ম ইনিংস: ১০১ ওভারে ৪০৫/৭ (হেড ১৫২, স্মিথ ১০১, ক্যারি ৪৫*; বুমরা ৫/৭২, নীতিশ ১/৬৫)।

* ২য় দিন শেষে।




■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata- 700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR